



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ১৬ অক্টোবর ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

মহালছড়িতে সেটলারদের হামলায় এক পাহাড়ি আহত

ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে খাগড়াছড়ির মহালছড়িতে সেটলার বাঙালিদের হামলায় এক পাহাড়ি আহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ শুক্রবার (১৬ অক্টোবর ২০১৫) সকালে মাইসছড়ি ইউনিয়নের পাগজ্যাছড়ি ভিতর পাড়ার (দক্ষিণ জয়সেন পাড়া) বাসিন্দা সাবেক মেম্বার স্লেহ কুমার চাকমা গ্রামের কয়েকজন লোক নিয়ে তাঁর নিজস্ব বাগান থেকে গাছ কাটার সময় জয়সেন পাড়া থেকে একদল সেটলার বাঙালি তাদের উপর হামলা চালায়। এতে বসন্ত চাকমা (৩০), পিতা-নোয়ারাম চাকমা মাথায় আঘাত পেয়ে আহত হন। এছাড়া সেটলাররা অর্জিত চাকমা ও প্রেম রঞ্জন চাকমা নামে দু'জনকেও মারধর করে।

পাহাড়িদের জায়গা-জমি বেদখলের অংশ হিসেবে সেটলাররা এ হামলা চালিয়েছে অভিযোগ করে তিনি বলেন, ইতিমধ্যে মাইসছড়িসহ মহালছড়ি উপজেলার বিভিন্ন এলাকায় পাহাড়িদের শত শত একর জায়গা সেটলাররা বেদখল করেছে। পাহাড়িরা এর প্রতিকার চাইলেও প্রশাসন কোন প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে উল্টো সেটলারদের পক্ষাবলম্বন করেছে।

তিনি অবিলম্বে হামলাকারী সেটলারদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি এবং ভূমি বেদখল বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।